

শরীয়াহ সুপারভাইজারী কমিটির বার্ষিক প্রতিবেদন-২০২৫

الحمد لله رب العالمين والصلوة والسلام على سيدنا محمد وعلى آله وصحبه أجمعين، ومن تبعهم بإحسان إلى يوم الدين.  
সকল প্রশংসা মহান আল্লাহ্ রাক্বুল আলামীনের এবং অসংখ্য দরুদ ও সালাম আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, তাঁর পরিবারের সদস্যবৃন্দ সাহাবায়ে কেলাম, তাবেয়ীন, তাবে' তাবেয়ীন, আইন্মায়ে মুজতাহেদীন এবং ক্বিয়ামত পর্যন্ত তাঁদের অনাগত অনুসারীদের প্রতি।

শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি.-এর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ।  
আসসালামু আলাইকুম ওয়ারাহ্‌মাতুল্লাহ্‌।

৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত বছরের জন্য শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি.-এর কার্যক্রমের উপর নিম্নলিখিত সংক্ষিপ্ত শরীয়াহ পরিপালন বিষয়ক প্রতিবেদন উপস্থাপন করা হলো :

শাহজালাল ইসলামী ব্যাংক পিএলসি.-এর শরীয়াহ সুপারভাইজারী কমিটি দেশের সুনামধন্য ইসলামী ফিকহশাস্ত্রবিদ ও শরীয়াহ স্কলারদের নিয়ে গঠিত। শরীয়াহ সুপারভাইজারী কমিটির সভা সাধারণত দ্বি-মাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হয় যাতে উত্থাপিত ব্যাংকের বিভিন্ন বিষয়ে শরীয়াহ সম্পর্কিত মতামত প্রদান করা হয়। ২০২৫ ইং সালে উক্ত কমিটির ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে।

পর্যালোচনার পরিধি ও সীমাবদ্ধতা সংক্রান্ত মন্তব্য

বর্তমান শরীয়াহ সুপারভাইজারী কমিটি ২০২৫ সালের নভেম্বর মাসে দায়িত্ব গ্রহণ করে। ফলে প্রতিবেদনাদীন অর্ধবছরের পূর্ণ সময়জুড়ে কমিটির সরাসরি তত্ত্বাবধান করার সুযোগ ছিল না।

এই প্রেক্ষিতে, ২০২৫ অর্ধবছরের কার্যক্রম সম্পর্কে কমিটির পর্যালোচনা প্রধানত নিম্নোক্ত বিষয়ের উপর ভিত্তি করে সম্পাদিত হয়েছে

- পূর্ববর্তী কমিটির সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ
- মুরাক্বিবৃন্দ কর্তৃক উপস্থাপিত শরীয়াহ নিরীক্ষা প্রতিবেদনসমূহ
- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত তথ্যসমূহ
- প্রাসঙ্গিক নথিপত্র ও বিষয়সমূহের নমুনাভিত্তিক (sample-based) পর্যালোচনা

উক্ত পর্যালোচনা কার্যক্রমের ভিত্তিতে কমিটি প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছে। ব্যাংক কর্তৃপক্ষ উক্ত নির্দেশনা ও পরামর্শসমূহ অনুসরণ করার জন্য প্রতিশ্রুতি ব্যক্ত করেছে।

এখানে উল্লেখ্য, ব্যাংকের সামগ্রিক কার্যক্রমে শরীয়াহ পরিপালন নিশ্চিত করার প্রধান দায়িত্ব ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। আর শরীয়াহ সুপারভাইজারী কমিটির দায়িত্ব হলো, ইসলামী ব্যাংকিং কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় শরীয়াহ নির্দেশনা ও মতামত প্রদান করা।

আমাদের অভিমত :

ক. ৩১ ডিসেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত বছরের জন্য আমাদের নিকট উপস্থাপিত মুরাক্বিবৃন্দ কর্তৃক ৫৪টি শাখার শরীয়াহ নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তথ্যানুসারে, পূর্ববর্তী শরীয়াহ কমিটির কার্যক্রমের উপর ভিত্তি করে আমরা এমন মতামত প্রকাশ করি যে, উক্ত বছর ব্যাংকের কার্যক্রমসমূহ যথাসম্ভব শরীয়াহ বিধি-বিধান ও নীতিমালা অনুযায়ী সম্পাদিত হয়েছে বলে প্রতীয়মান হয়; যদিও নানা ক্ষেত্রে ভবিষ্যতে আরও উন্নয়নের সুযোগ রয়েছে।



চলমান পাতা-২

- খ. বিভিন্ন প্রকার মুদারাবা আমানতকারীদের মাঝে যে মুনাফা বন্টন করা হয়েছে, তা যেহেতু এই ব্যাংকের বিগত বিজ্ঞ শরীয়াহ সুপারভাইজারী কমিটির তত্ত্বাবধানে বিতরণ করা হয়েছে, তাই আশা করা যায় তা শরীয়াহ নীতিমালার আলোকে করা হয়েছে।
- গ. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্যমতে, শরীয়াহসম্মত নয় এমন কোন উৎস থেকে অর্জিত সকল আয় যথাসম্ভব ব্যাংকের নিয়মিত আয় থেকে পৃথক করা হয়েছে এবং দাতব্য কাজে ব্যয় করার জন্য তা ব্যাংকের ফাউন্ডেশনে হস্তান্তর করা হয়েছে।
- ঘ. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্যমতে, শরীয়াহ'র নীতিমালা পরিপালন করে শেয়ারহোল্ডারদের পক্ষ থেকে যাকাতের হিসাব-নিকাশ সম্পাদন করা হয়েছে এবং সমুদয় যাকাত পৃথক করে যথাযথ উপকারভোগীদের মধ্যে বিতরণের জন্য ব্যাংকের ফাউন্ডেশনে হস্তান্তর করা হয়েছে।

ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি আমাদের পরামর্শ :

- ক. ইসলামী ব্যাংকিংয়ে শরীয়াহ পরিপালন সম্পর্কে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারী ও গ্রাহকদের সচেতনতা ক্রমাগত বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা অনুসারে মোটিভেশনাল কার্যক্রম আরও অধিক কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা;
- খ. একই বিষয়ে শরীয়াহ বিচ্যুতি পুনরাবৃত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাৎক্ষণিক শাস্তির আওতায় আনা;
- গ. আইবিআরপিডি সার্কুলার-০১ অনুযায়ী শরীয়াহ সেক্রেটারিয়েট ও সংশ্লিষ্ট বিভাগসমূহকে যথাযথ যোগ্য জনবল এবং কার্যপ্রণালীর মাধ্যমে সুদৃঢ়ভাবে একীভূত করা;
- ঘ. শরীয়াহ মুরাক্বিবদের পদের ধরণ যাই হোক, নিরীক্ষা চলাকালীন তাদের ইনডিপেন্ডেন্ট সিনিয়র এক্সকিউটিভ অথরিটি প্রদান করা, যা শাখা ব্যবস্থাপকের তুলনায় উন্নততর হবে;
- ঙ. ব্যাংকের শরীয়াহ ম্যানুয়াল ও গাইডলাইনসমূহ যথাযথভাবে অনুসরণের বিষয়ে আরও জোরদার উদ্যোগ গ্রহণ করা;
- চ. শরীয়াহ কমপ্রায়েস বিভাগ থেকে অন-গোয়িং ডিজিটাল শরীয়াহ মনিটরিং সিস্টেম ইন্ট্রিগ্রেড করা;
- ছ. প্রডাক্ট ডেভেলপমেন্ট বিভাগে অন্যান্য যোগ্য জনবলের পাশাপাশি শরীয়াহ পারদর্শী জনবল অন্তর্ভুক্ত করা।
- জ. ব্যাংকের সর্বক্ষেত্রে শরীয়াহ পরিপালনের নিমিত্তে আরও উন্নত পদ্ধতি কার্যকর করার জন্য শরীয়াহ গভর্নেন্স শক্তিশালী করা;

আল্লাহ তা'আলা আমাদের উপর অর্পিত গুরুদায়িত্ব সম্পাদন করার তাওফীক দিন এবং দুনিয়া ও আখেরাতে সফলতা দান করুন এবং আমাদের ভুল-ত্রুটিসমূহ ক্ষমা করুন। আমীন!



মুফতী শামুদ্দীন জিয়া  
চেয়ারম্যান, শরীয়াহ সুপারভাইজারী কমিটি